মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের নুতন উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেনের যোগদান

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে যোগদান করেছেন প্রফেসর ড. তোজাম্মেল হোসেন। আজ সোমবার দুপুরে ঢাকা থেকে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের কার্যালয়ে এসে তিনি যোগদান করেন।

এ সময় তাকে ফুলেল শুভেচ্ছায় স্বাগত জানান বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এ সময় সেখানে উপস্থিত ছিলেন সদ্য সাবেক উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন।

তিনি যোগদান করেই বিশ্ববিদ্যালয়ের সার্বিক বিষয়ে সদ্য সাবেক উপাচার্য এবং কর্মকর্তাদের কাছে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের অগ্রগতির খোঁজ খবর নেন। এছাড়া তিনি সাবেক উপাচার্য কাছ থেকে বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ অবস্থা এবং জমি সিলেকশনের ব্যাপারে অগ্রগতির বিষয়ে জানার চেষ্টা করেন। পরে সকল কর্মকর্তা ও কর্মচারীদের সাথে মতবিনিময় সভা করেন এবং সকলের সহযোগিতা কামনা করেন।

তিনি সাংবাদিকদের সাথে আলাপকালে জানান সদ্য সাবেক উপাচার্য যেখান থেকে তার কাজ শেষ করেছেন আমি সেখান থেকেই কাজ শুরু করবো। তিনি মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চালু করার ব্যাপারে মেহেরপুরের সকল মানুষের সহযোগিতা কামনা করেন।

তিনি বলেন, আমি আমার সর্বোচ্চ মেধা,শ্রম ও জ্ঞানের মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়টিকে আগামী শিক্ষাবর্ষে নুতন শিক্ষার্থী ভর্তি, জায়গা সিলেকশন সহ সকল প্রকার কার্যক্রম চালু করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।

উল্লেখ্য গতকাল মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে ড. তোজাম্মেল হোসেনকে নিয়োগ দিয়েছে সরকার। রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের অনুমোদনক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে প্রজ্ঞাপন অনুযায়ী, ড. মো তোজাম্মেল হোসেন বর্তমানে ইসলামী বিশ্ববিদ্যালয়-এর আরবি ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক হিসেবে

কর্মরত রয়েছেন। মেহেরপুর বিশ্ববিদ্যালয় আইন, ২০২৩ (সংশোধিত-২০২৫)-এর ১০(১) ধারা অনুযায়ী তাঁকে এ নিয়োগ প্রদান করা হয়েছে।

নিয়োগের শর্তে বলা হয়েছে, যোগদানের তারিখ থেকে চার বছর অথবা অবসর গ্রহণের তারিখের মধ্যে যেটি আগে হবে, ততদিন তিনি উপাচার্য পদে দায়িত্ব পালন করবেন। এর আগে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন দায়িত্ব পালন করেছেন৷

বিশ্ববিদ্যালয়টি আগামী শিক্ষাবর্ষে দুটি বিভাগে শিক্ষার্থী ভর্তির মাধ্যমে একাডেমীক কার্যক্রম শুরু হবে। ড. তোজাম্মেল হোসেন এ বিশ্ববিদ্যালয়ের তৃতীয় উপাচার্য হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন। এ সময় সেখানে উপস্থিত ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি ড. ইয়াকুব হোসেন। নুতন উপাচার্যের সাথে আজ সৌজন্য সাক্ষাৎ করেন মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজের অধ্যক্ষ ইসমাইল হোসেন, পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ ফয়েজ মোহাম্মদ, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের অধ্যক্ষ শাহি উদ্দীন, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক রফিকুল আলম বকুল, মেহেরপুর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক এ্যাডঃ এহানউদ্দীন মনা।